# অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রশিক্ষণ

প্রশিক্ষণের বিষয়ঃ GRS এর প্রাথমিক ধারণা সংক্রান্ত প্রশিক্ষণ ও অনুশীলন।

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ১৩/১২/২০২১ খ্রি:

**প্রশিক্ষণের সারাংশ:**

(ক) সংশ্লিষ্ট বিষয়ের অন্তর্ভূক্ত অংশঃ সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সফটওয়্যার ভার্সন-২ বিষয়ে প্রশিক্ষণার্থীদের প্রাথমিক ধারণা দেন। তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থার পটভূমি, 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮)', জিআরএস সফটওয়্যার ২য় ভার্সনের পটভূমি ও সুবিধাসমূহ, অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তার কার্যক্রম, সেলের কার্যক্রম, মাঠ পর্যায়ের সমন্বয়ক সংক্রান্ত পরামর্শ, ড্যাবোর্ড, রিপোর্ট, মনিটরিং, সেবার মানোন্নয়নে পরামর্শ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। তিনি www.grs.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে জনসাধারণের কর্তৃক অভিযোগ/নাগরিক অভিযোগ, কর্মচারী অভিযোগ এবং দাপ্তরিক অভিযোগ কিভাবে অনলাইনে গৃহীত হয় এবং তার প্রতিকারের জন্য কি কি ব্যবস্থা অনলাইনে প্রদান করা যায় সে বিষয়ে হাতে কলমে সফটওয়্যারটি দেখান। তিনি আরো উল্লেখ করেন যে, অধিপ্তরের সিটিজেন চার্টারে প্রতিশ্রুত তিন ধরনের সেবা (ক. নাগরিক সেবা, খ. প্রাতিষ্ঠানিক সেবা এবং গ. আভ্যন্তরীণ সেবা) বিষয়েই অভিযোগ দাখিল হতে পারে এবং সিটিজেন চার্টারে উল্লেখিত অভিযোগ নিষ্পন্নকারী কর্মকর্তা (অনিক) অর্থাৎ প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২ উক্ত অভিযোগসমূহ "অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) [Grievance Redress System Guidelines, 2015 (Revised 2018] " অনলাইনে এবং অফলাইনে নিষ্পন্ন করবেন। এক্ষেত্রে নির্দেশিকার ৫ নং অনুচ্ছেদে বর্ণিত অভিযোগ নিষ্পন্নকারী কর্মকর্তা (অনিক), আপিল কর্মকর্তা, অভিযোগ ব্যবস্থাপনা সেল ও সমন্বয়ক বিষয়ক নীতিমালাসমূহ অনুসরণ করতে হবে বলে তিনি প্রশিক্ষণার্থীদের জানান।

(খ) প্রশিক্ষণার্থীদের মতামত/প্রতিক্রিয়াঃ GRS/অনলাইনে অভিযোগ দাখিল ও প্রতিকার সম্পর্কে জ্ঞান লাভ করেন।

(গ) আঞ্চলিক অফিস প্রধানের বক্তব্যঃ এ ট্রেনিং এর মাধ্যমে সরকারী সংস্থার কাজ সম্পর্কে অভিযোগ দাখিল এবং প্রতিকার সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করেন।

Shaheen Ahmed 13/12/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

<u>উপস্থিতি তালিকাঃ</u>

প্রশিক্ষণের বিষয়ঃ GRS এর প্রাথমিক ধারণা সংক্রান্ত প্রশিক্ষণ ও অনুশীলন।

সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত (০৪ ঘন্টা ব্যাপী)

তারিখঃ ১৩/১২/২০২১ খ্রি:

প্রশিক্ষণ প্রদানকারীর নাম ও পদবী: জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার

| ক্র. নং | নাম | পদবী | প্রশিক্ষণার্থীর স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | |
| ২। | জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া | রেখাকার | |
| ৩। | জনাব মোঃ রুবেল হোসেন | সার্ভেয়ার | |
| ৪। | জনাব আমির হামজা | খালাসী | |

Shaheen Ahmed 13/12/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট